

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বাণিজ্য মন্ত্রণালয় জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী



dncrp.rajshahidiv.gov.bd

নম্বর ২৬.০৪.৮১০০.৫০১.১৭.০০৭.২০.৩৮০

তারিখ: ৯ চৈত্র ১৪২৮

২৩ মার্চ ২০২২

## প্রেস বিজ্ঞপ্তি

বিষয: ২৩ মার্চ ২০২২ তারিখে রাজশাহী বিভাগীয় কার্যালয়ের ০১ টি টিম কর্তৃক রাজশাহী মহানগরের বোয়ালিয়া থানায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী বিভাগীয় কার্যালয় কর্তৃক ২৩/০৩/২০২২ খ্রি: তারিখে সহকারী পরিচালক(মেট্রো) জনাব ওসমান গনী এর নেতৃতে রাজশাহী মহানগরের বোয়ালিয়া থানাধীন এলাকায় অভিযান পরিচালিত হয়। সহকারী পরিচালক(মেট্রো) জনাব ওসমান গনী সাহেব বাজার এলাকায় রঞ্জন ট্রেডার্স কে মোড়কজাত পণ্যে সর্ব্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ৫,০০০/- টাকা, তাসকানা চিকেন কে এবং বজলু ট্রেডার্স কে মূল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৮ অনুযায়ী ২,০০০/- টাকা মূল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৮ অনুযায়ী ৫,০০০/- টাকা জরিমানা করেন। আজকের ০১টি অভিযানে সর্বমোট ১২,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। অভিযান চলাকালে ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্বলিত লিফলেট ও মাস্ক বিতরণ করা হয় ও আইনটি মেনে চলতে উদ্বুজ করা হয়। রাজশাহী মেট্রোপলিটন পুলিশের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

April

২৩-৩-২০২২ অপূর্ব অধিকারী উপপরিচালক

ফোন: ০২৫৮৮৮৫০৭৭৪ ফ্যাক্স: ০২৫৮৮৮৫৫৪০৬

ইমেইল: dd-

rajshahi@dncrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ৩) পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
- ৪) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।

- ৬) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৭) সহকারী পরিচালক (মেটো), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৮) অফিস কপি।